# ২০২৩-২০২৪ অর্থ-বছরের বার্ষিক প্রতিবেদন বই আকারে প্রকাশের তথ্য

**ক।** **২০২৩-২০২৪ অর্থ বছরে প্রণীত APA সহ সরকারের প্রতিশ্রুতি/নির্দেশনাসমূহ বাস্তবায়নের হালনাগাদ অগ্রগতি।**

ক.১। প্রতি ইঞ্চি অনাবাদী জায়গা উৎপাদনমুখী করার লক্ষ্যে আনসার-ভিডিপি সদস্যদের মধ্যে জনসচেতনতা বৃদ্ধির জন্য মাঠ পর্যায়ে উদ্বুদ্ধকরণের জন্য ৪৯৩টি সভা আয়োজন করা হয়েছে।




**প্রতি ইঞ্চি অনাবাদী জায়গা উৎপাদনমুখী করার লক্ষ্যে উদ্বুদ্ধকরণ সভা**

ক.২। ডিজিটাল বাংলাদেশ বির্নিমাণে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর PMIS সফটওয়্যার চালু করা হয়েছে। যার মাধ্যমে ১ম শ্রেণি থেকে ৪র্থ শ্রেণি পর্যন্ত আনসার বাহিনীর কর্মকর্তা-কর্মচারীদের চাকরি সংক্রান্ত বিভিন্ন তথ্যাবলি পাওয়া যাবে।

ক.৩। দরিদ্র ও গৃহহীন আনসার-ভিডিপি সদস্যদের ১০০টি গৃহ নির্মাণ করে দেওয়া হয়েছে।

ক.৪। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) আওতায় দেশের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে আনসার ও ভিডিপির ২৭,২৯১ জন সদস্য/সদস্যাকে বিভিন্ন প্রকার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

ক.৫। 'আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর অস্ত্রাগার (১ম পর্যায়ে ৪০টি) নির্মাণ (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্পে ২০২৩-২০২৪ অর্থবছরে প্রকল্পের মোট ০৪টি PIC সভার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল। এই অর্থবছরে ০৪টি সভাই অনুষ্ঠিত হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ১১টি কেন্দ্রের ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়েছে, উক্ত ১১টি প্রকল্প হলো- (১) টাঙ্গাইল, (২) কিশোরগঞ্জ, (৩) মানিকগঞ্জ, (৪) মুন্সীগঞ্জ, (৫) দিনাজপুর, (৬) কুড়িগ্রাম, (৭) ঝিনাইদহ, (৮) চাঁদপুর, (৯) ব্রাহ্মণবাড়িয়া, (১০) নোয়াখালী, (১১) সিরাজগঞ্জ।

**খ।** **২০২৩-২০২৪ অর্থ বছরে উল্লেখযোগ্য অর্জন।**

**খ.১।** **কর্মকর্তা/কর্মচারী ব্যবস্থাপনার ক্ষেত্রে উল্লেখযোগ্য অর্জন।** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীতে ২০২৩-২০২৪ অর্থবছরে কর্মকর্তা/কর্মচারী ব্যবস্থাপনা ক্ষেত্রে উল্লেখযোগ্য অর্জনসমূহ নিম্নরূপ:

**(ক)** **নিয়োগ।** তৃতীয় শ্রেণির বিভিন্ন পদে ১৯ জন ও তৃতীয় শ্রেণির উপজেলা প্রশিক্ষক/প্রশিক্ষিকা পদে ২৯৪ জনকে নিয়োগ প্রদান করা হয়েছে। আনসার ব্যাটালিয়নসমূহে সিপাহি পদে ৭৮৫ জনকে নিয়োগ প্রদান করা হয়েছে।

**(খ)** **স্থায়ীকরণ।** ২০২৩-২০২৪ অর্থবছরে সহকারী পরিচালক পদে ৭৩ জনের এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা ৮৮ জনের চাকরি স্থায়ীকরণ করা হয়েছে। এছাড়াও ২৬৪৮ জন পুরুষ ও ১৮ জন মহিলা সহ মোট ২৬৬৬জন আনসার ব্যাটালিয়ন সদস্য/সদস্যাদের স্থায়ীকরণ করা হয়েছে।

**(গ)** **পদোন্নতি প্রদান।** উপমহাপরিচালক হতে অতিরিক্ত মহাপরিচালক পদে ০১ জন, পরিচালক হতে উপমহাপরিচালক পদে ০৬ জন, উপপরিচালক হতে পরিচালক পদে ১১ জন, সহকারী পরিচালক হতে উপপরিচালক পদে ৩৪ জন কর্মকর্তাকে পদোন্নতি প্রদান করা হয়েছে। অফিস সহায়ক ও মহিলা আনসার হতে অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে ১৭ জনকে পদোন্নতি প্রদান করা হয়েছে। এছাড়ও আনসার ব্যাটালিয়নের সদস্যদের মধ্যে নায়েব সুবেদার হতে সুবেদার ৭৭ জন, হাবিলদার হতে নায়েব সুবেদার পদে ১৬৫ জন, নায়েক হতে হাবিলদার পদে২৩৭ জন, ল্যান্স নায়েক হতে নায়েক পদে ৩৭৫ জন, সিপাহি হতে ল্যান্স নায়েক পদে ৪৪১ জনকে পদোন্নতি প্রদান করা হয়েছে।

**(ঘ)** **পেনশন মঞ্জুরী।** ২০২৩-২০২৪ অর্থবছরে মোট ৯৫ জন কর্মকর্তা ও কর্মচারীদের পেনশন ও আনুতোষিক মঞ্জুরি প্রদান করা হয়েছে এবং ৯৩ জনের পিআরএল ও ল্যাম্পগ্রান্ট মঞ্জুর করা হয়েছে। এছাড়াও আনসার ব্যাটালিয়নে বার্ধক্যজনিত ৩১৬ জনের, স্বেচ্ছায় অবসর জনিত ১৯৪ জনের, মৃত্যু জনিত ৮২ জনের এবং অক্ষমতাজনিত ১১ জনের পেনশন মঞ্জুর করা হয়েছে।

**(ঙ)** **প্রেষণে নিয়োগ/বদলী।** পুরুষ ৫৫ জন এবং মহিলা ৪০ জনসহ মোট ৯৫ জনকে র‍্যাব-এ প্রেষণে নিয়োগ/বদলী করা হয়েছে। নায়েব সুবেদার ৬৪ জন এবং সিপাহি ১৫২ জন সহ মোট ২১৬ জনকে এনএসআইতে প্রেষণে প্রেরণ করা হয়েছে। আনসার ও ভিডিপি হাসপাতাল, সফিপুর, গাজীপুরে প্রেষণে ০৬ জন চিকিৎসককে পদায়ন করা হয়েছে।

**(চ)** **জিপিএফ হতে ফেরতযোগ্য/অফেরতযোগ্য লোন মঞ্জুরী।** ২০২৩-২০২৪ অর্থবছরে ২২ জন কর্মকর্তা/কর্মচারীর জিপিএফ হতে ফেরতযোগ্য লোন ও ৭৭ জন কর্মকর্তা/কর্মচারীর জিপিএফ হতে অফেরতযোগ্য লোন মঞ্জুর করা হয়েছে। এছাড়াও বিভিন্ন পদবীর ১৩৭৬ জন আনসার ব্যাটালিয়ন সদস্যদেরকে জিপিএফ হতে অফেরতযোগ্য লোন উত্তোলনের মঞ্জুরী প্রদান করা হয়েছে। ১০৫ জন কর্মকর্তা/কর্মচারীর জিপিএফ হতে চূড়ান্ত উত্তোলন মঞ্জুর করা হয়েছে।

**(ছ)** **বিভিন্ন ছুটি মঞ্জুরী।** ২০২৩-২০২৪ অর্থ বছরে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে মোট ৪৬ জনের অর্জিত ছুটি, ৫৩ জনের শ্রান্তি ও বিনোদন ছুটি ও ০৯ জনের মাতৃত্বকালীন ছুটি মঞ্জুর করা হয়েছে।

**(জ)** **বিভাগীয় মামলা রুজু ও নিষ্পত্তি।** ২০২৩-২০২৪ অর্থ বছরে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর বিভিন্ন অভিযোগের পরিপ্রেক্ষিতে প্রথম শ্রেণির কর্মকর্তা ০৩ জন এবং তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মচারি ১৩ জনের বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়েছে। এছাড়াও উক্ত সময়কালে প্রথম শ্রেণির কর্মকর্তা ০২ জনের, দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা ০৬ জনের এবং তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মচারী ১৪ জনের বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হয়েছে।

**খ.২।** **<u>কল্যাণ সংক্রান্ত ক্ষেত্রে উল্লেখযোগ্য অর্জন।</u>** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীতে ২০২৩-২০২৪ অর্থবছরে কল্যাণ সংক্রান্ত ক্ষেত্রে উল্লেখযোগ্য অর্জনসমূহ নিম্নরূপ:

**(ক)** **<u>মহাপরিচালক, আনসার ও ভিডিপি তহবিল হতে আর্থিক সাহায্য সংক্রান্ত এককালীন অনুদান প্রদান।</u>** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর কর্মরত কর্মকর্তা-কর্মচারী, অন্যান্য সদস্য ও অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের আর্থিক সাহায্যের জন্য ১৬ জনকে ১৮,৬৫,০০০/- (আঠারো লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকা অনুদান প্রদান করা হয়েছে।

**(খ)** **<u>মহাপরিচালক, আনসার ও ভিডিপি তহবিল হতে মৃত্যু ও পঙ্গুত্ব জনিত কারণে এককালীন অনুদান প্রদান।</u>** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর অংগীভূত আনসার, বিশেষ আনসার, হিল আনসার ও অস্থায়ী ব্যাটালিয়ন আনসার সদস্যদের মৃত্যু ও পঙ্গুত্ববরণকারী সদস্যদের ৯৪ জনকে ৫,২১,৫০,০০০/- (পাঁচ কোটি একুশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা এককালীন আর্থিক অনুদান প্রদান করা হয়েছে।

**(গ)** **<u>মহাপরিচালক, আনসার ও ভিডিপি তহবিল হতে দাফন-কাফন বাবদ এককালীন অনুদান প্রদান।</u>** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর কর্মরত ইউনিয়ন/ওয়ার্ড দলনেতা-দলনেত্রী ও কর্মরত ভিডিপি সদস্যদের দাফন-কাফন বাবদ ৭৪ জনকে ১৮,৭৭,০০০/- (আঠারো লক্ষ সাতাত্তর হাজার) টাকা এককালীন আর্থিক অনুদান প্রদান করা হয়েছে। এছাড়াও এই বাহিনীতে কর্মরত উপজেলা আনসার কোম্পানী কমান্ডার ও ইউনিয়ন আনসার কমান্ডার সদস্যদের দাফন-কাফন বাবদ ১৯ জনকে ৪,৭৫,০০০/- (চার লক্ষ পঁচাত্তর হাজার) টাকা এককালীন আর্থিক অনুদান প্রদান করা হয়েছে।

**(ঘ)** **<u>বাংলাদেশ আনসার (সরকারি) কল্যাণ তহবিল হতে এককালীন অনুদান প্রদান।</u>** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য-সদস্যাদের বাংলাদেশ আনসার (সরকারি) কল্যাণ তহবিল হতে চিকিৎসাজনিত অনুদান বাবদ ২৮১২ জনকে ৬,১৮,৬৩,১০০/- (ছয় কোটি আঠারো লক্ষ তেষট্টি হাজার একশত) টাকা; মৃত্যুজনিত এককালীন অনুদান বাবদ ৬৬ জনকে ১৬,৭৫,০০০/- (ষোল লক্ষ পঁচাত্তর হাজার) টাকা; জাতীয় সমাবেশ পুরস্কার-২০২৪ বাবদ ৩৩১ জনকে ৫৬,৭০,০০০/- (ছাপ্পান্ন লক্ষ সত্তর হাজার) টাকা; মৃত্যুজনিত মাসিক ভাতা বাবদ ৪৪ জনকে ৯৪,৪০০/- (চুরানব্বই হাজার চারশত) টাকা; দুর্যোগ ব্যবস্থাপনা অনুদান বাবদ ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকা; ক্রীড়া সামগ্রী বাবদ ৬,৬১,৮০০/- (ছয় লক্ষ একষট্টি হাজার আটশত) টাকাসহ **মোট ৩২৫৫ জন সদস্য/সদস্যাকে সর্বমোট ৭,৩০,০০,০০০/- (সাত কোটি ত্রিশ লক্ষ) টাকা** এককালীন অনুদান প্রদান করা হয়েছে।

**(ঙ)** **<u>বাংলাদেশ ভিডিপি (সরকারি) কল্যাণ তহবিল হতে এককালীন অনুদান প্রদান।</u>** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য-সদস্যাদের বাংলাদেশ ভিডিপি (সরকারি) কল্যাণ তহবিল হতে চিকিৎসাজনিত অনুদান বাবদ ৩৮৫ জনকে ৮৭,৮৫,১০০/- (সাতাশি লক্ষ পঁচাশি হাজার একশত) টাকা; মৃত্যুজনিত এককালীন অনুদান বাবদ ৩১ জনকে ১,৬০,০০০/- (এক লক্ষ ষাট হাজার) টাকা; মৃত্যুজনিত মাসিক ভাতা বাবদ ৯৯৬ জনকে ১৩,৪২,৪০০/- (তের লক্ষ বিয়াল্লিশ হাজার চারশত) টাকা; দুস্থ ও অসহায় সদস্যদের গৃহ নির্মাণের জন্য ৯১ জনকে ৩,৪২,২৭,৪৯২/- (তিন কোটি বিয়াল্লিশ লক্ষ সাতাশ হাজার চারশত বিরানব্বই) টাকা; জাতীয় সমাবেশ পুরস্কার-২০২৪ বাবদ ১২৬ জনকে ১৯,৮৫,০০০/- (উনিশ লক্ষ পঁচাশি হাজার) টাকা; শারীরিক/মানসিকভাবে বিশেষ চাহিদা সম্পন্ন ভিডিপি সদস্যদের চিকিৎসা অনুদান বাবদ ১০০ জনকে ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকা এবং চিকিৎসা সংক্রান্ত ১০ (দশ) টি মেডিকেল ক্যাম্প পরিচালনার জন্য ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকাসহ মোট ১৭৩৯ জন সদস্যকে সর্বোমোট ৫,১৯,৯৯,৯৯২/- (পাঁচ কোটি উনিশ লক্ষ নিরানব্বই হাজার নয়শত বিরানব্বই) টাকা এককালীন অনুদান প্রদান করা হয়েছে।

**(চ)** **<u>বিভাগীয় কল্যাণ তহবিল হতে এককালীন অনুদান প্রদান।</u>** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য-সদস্যাদের বিভাগীয় কল্যাণ তহবিল হতে মৃত্যুজনিত (দাফন-কাফন) অনুদান বাবদ ৪০ জনকে ১৯,৩০,৯৯৫/- (উনিশ লক্ষ ত্রিশ হাজার নয়শত পঁচানব্বই) টাকা; সন্তানের বিবাহ জনিত অনুদান বাবদ ১০৫ জনকে ৩১,৫০,০০০/- (একত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) এবং চিকিৎসা জনিত অনুদান বাবদ ১৮৯ জনকে ৩৩,৬২,৬৪০/- (তেত্রিশ লক্ষ বাষট্টি হাজার ছয়শত চল্লিশ) সহ এই তহবিল থেকে ৩৩৪ জনকে মোট ৮৪,৪৩,৬৩৫/- (চুরাশি লক্ষ তেতাল্লিশ হাজার ছয়শত পঁয়ত্রিশ) টাকা এককালীন অনুদান প্রদান করা হয়েছে।

**(ছ)** **<u>কঠোর শ্রমসাধ্য ও কৃতিত্বপূর্ণ কাজের সম্মানী ভাতা প্রদান।</u>** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত সকল পদবীর সদস্যদের কঠোর শ্রমসাধ্য ও কৃতিত্বপূর্ণ কাজের সম্মানী ভাতা বাবদ মোট ৪,৮৯,৯৯,৩৫০/- (চার কোটি ঊননব্বই লক্ষ নিরানব্বই হাজার তিনশত পঞ্চাশ) টাকা বিতরণ করা হয়েছে।

**(জ)** **<u>শিক্ষা ভাতা প্রদান।</u>** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত সকল পদবীর সদস্যদের সন্তানদের মধ্য থেকে শিক্ষা ভাতা বাবদ ৬৩৫ জনকে সর্বোমোট ৭৬,৯৭,০৬০/- (ছিয়াত্তর লক্ষ সাতানব্বই হাজার ষাট) টাকা প্রদান করা হয়েছে।

**(ঝ)** **<u>ব্যাটালিয়ন আনসার আর্থিক নিরাপত্তা সহায়তা তহবিল হতে আর্থিক সাহায্য প্রদান।</u>** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সকল পদবীর আনসার ব্যাটালিয়ন সদস্যদের মৃত্যু ও পঙ্গুত্ব জনিত কারনে ৫৬ জন সদস্য/সদস্যাকে ৬০,০০,০০০/- (ষাট লক্ষ) টাকা অনুদান প্রদান করা হয়েছে।

**খ.৩।** **<u>ক্রয় সংক্রান্ত ক্ষেত্রে উল্লেখযোগ্য অর্জন।</u>** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ২০২৩-২০২৪ অর্থ বছরে ক্রয় সংক্রান্ত ক্ষেত্রে উল্লেখ্যযোগ্য অর্জনসমূহ নিম্নরূপ:

**(ক)** **<u>পোশাক ক্রয়।</u>** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য/সদস্যাদের জন্য বুট ডিএমএস (এ ও বি গ্রেড) ৮১০০০ জোড়া, উলেন মোজা কালো মোটা ২২০০০০ জোড়া, সুতি মোজা কালো (পাতলা) ৩৩০০০০ জোড়া, টিসি কাপড় (কালো) ৮০৫৬৭০ মিটার, টিসি কাপড় (কম্ব্যাট) ১২০০০০ মিটার, টিসি কাপড় (মেরুন) ২৫১০০০ মিটার, টিসি কাপড় (জলপাই) ৮১০৯৭০ মিটার, পিটি কেডস ৮০০০ জোড়া, উইন্টার কোট (মেরুন) ৮০২৪ টি, উইন্টার কোট (জলপাই) ৩৩২৮৬ টি, উইন্টার কোট (কম্ব্যাট) ৬২৫০ টি, হেলমেট স্প্লিন্টার প্রুফ-৫০০০ টি এবং ভিডিপি সদস্যদের জন্য নতুন ডিজাইনের ১৮০০০০ টি ভিডিপি শাড়ি ক্রয় করা হয়েছে।

**(খ)** **<u>খাদ্যদ্রব্য  ক্রয়।</u>** এ বাহিনীর সদস্য-সদস্যাদের জন্য ভোজ্য তেল সয়াবিন ৪৫৬৫০০০ লিটার, ডাল মশুর ৩০৪৮০০০ কেজি, চিনি  ৪০৪৯০০০ কেজি, চাল (পোলাও) ১৭০০০০ কেজি এবং মুগ ডাল ২১৯৪০০০ কেজি ক্রয়পূর্বক বিতরণ করা হয়েছে।

**(গ)** **<u>অস্ত্র ও গোলাবারুদ ক্রয়।</u>** অস্ত্র ও গোলাবারুদ খাতে ১৪১৯৫ টি ১২ বোর শটগান, অস্ত্রের সিলিং ০৯ প্রকার, অস্ত্র পরিষ্কারক সামগ্রী ২০ প্রকার ক্রয় করা হয়েছে।

**(ঘ)** **<u>অফিস সরঞ্জামাদি ক্রয়।</u>** এ বাহিনীর জন্য ৪৩ ইঞ্চি স্মার্ট টেলিভিশন ১০০ টি, ডেক্সটপ কম্পিউটার ২৯৩ সেট, ল্যাপটপ ১৭০ টি, ফটোকপিয়ার মেশিন ৩৩ টি, প্রজেক্টর ১৬১ টি, ও প্রিন্টার (কালার) ২৭৭ টি ক্রয় করা হয়েছে।

**(ঙ)** **<u>আসবাবপত্র ক্রয়।</u>** বিভিন্ন ইউনিটের চাহিদার প্রেক্ষিতে বিবিধ আসবাবপত্র ২৫ প্রকার, ডিনার টেবিল (৬ চেয়ারসহ) ৪৯ টি এবং বেড (কিং সাইজ রেগুলার) ১১৬ টি ক্রয় করা হয়েছে।

(চ) **বিবিধ ক্রয়।** এ বাহিনীর বিভিন্ন স্তরের সদস্যদের জন্য বাই সাইকেল (পুরুষ) ৩৩০০ টি, সেলাই সামগ্রী ০৮ প্রকার, সেলাই মেশিন (পা-চালিত) ৭৪২ টি ক্রয় করা হয়েছে। এ বাহিনীর জন্য জাতীয় পতাকা ১৪০ টি, ইউনিট পতাকা ২১০ টি, ক্রেস্ট ৪০০ টি, অগ্নি নির্বাপক যন্ত্র (ফুল সেট) ৩০৩ টি, ঢাল ৩০০০ টি, নি-গার্ড ৪৪৪০ জোড়া, স্প্লিন্টার প্রুফ হেলমেট ৪৪৪০ টি, লাঠি (প্লাস্টিক) ২২২০০০ টি এবং বুলেট প্রুফ হেলমেট ১০৪৪ টি ক্রয় করা হয়েছে।

খ.৪। **জমি ক্রয় সংক্রান্ত ক্ষেত্রে উল্লেখযোগ্য অর্জন।**

(ক) পূর্বাচল নতুন শহর প্রকল্পে আনসার ও ভিডিপি হাসপাতালের প্রাতিষ্ঠানিক প্লটের ০.৫৪০০ একর জমি বরাদ্দের লীজ দলিল ও নামজারি কার্যক্রম সম্পন্ন হয়েছে।

(খ) পূর্বাচল নতুন শহর প্রকল্পে আনসার ও ভিডিপি সেকেন্ডারি স্কুল এন্ড কলেজের জন্য ৩.২৪০০ একর জমি বরাদ্দ সংক্রান্ত প্রস্তাবের উপর চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ মতামত প্রদান করে সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকায় প্রেরণ করা হয়েছে।

(গ) ১৮ আনসার ব্যাটালিয়ন, মারিশ্যা, বাঘাইছড়ি, রাঙ্গামাটি সদর দপ্তর স্থাপনের নিমিত্ত ৭.১৬০০ একর জমি অধিগ্রহণের জন্য ১৭,২১,৮৩,৬১৩.৬৯ (সতের কোটি একুশ লক্ষ তিরাশি হাজার ছয়শত তের) টাকা ব্যয় মঞ্জুরীর অর্থ ছাড়করণে সম্মতি প্রদানের জন্য গত ২৫/০৯/২০২৩খ্রি: তারিখ বাজেট-১ শাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে সচিব অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

(ঘ) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বহিনীর ঢাকা রেঞ্জ, ঢাকা এর অনুকূলে আগারগাঁও শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকায় খালি প্লট নং এফ-১৪/এ, জমির পরিমাণ ০.১৬৫ একর প্রাতিষ্ঠানিক প্লটটি বরাদ্দ প্রদান করা হয়েছে।

(ঙ) ৩৬ আনসার ব্যাটালিয়ন সদর দপ্তর স্থাপনের জন্য মানিকগঞ্জ সদর উপজেলাধীন ১০.০০০০ একর জমির অধিগ্রহণের নিমিত্ত ৪৭,০০,৯৯,০০৫.০৩ (সাতচল্লিশ কোটি নিরানব্বই হাজার পাঁচ) টাকা পরিশোধের ব্যয় মঞ্জুরীর জন্য গত ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট হতে এবং অবশিষ্ট টাকা ব্যাটালিয়ন বাড়ীভাড়া ভাতা খাত হতে উপযোজনে সম্মতি প্রদানের জন্য সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় বরাবরে পত্র প্রেরণ করা হয়েছে।

(চ) জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, রাজশাহী অফিস নির্মাণের জন্য রাজশাহী জেলার পবা উপজেলাধীন হরগ্রাম মৌজায় ১.৬৫০০ একর জমি অধিগ্রহণের জন্য ১৪,৫৮,৬০,৮৯৫.৪৩ (চৌদ্দ কোটি আটান্ন লক্ষ ষাট হাজার আটশত পঁচানব্বই) টাকার চূড়ান্ত প্রাক্কলন গত ২৪/১১/২০২২ খ্রি: তারিখে, সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে।

(ছ) মাদারীপুর জেলাধীন কালকিনি উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় স্থাপনের জন্য ০.৫০০০ একর জমির অধিগ্রহণের জন্য ২,১৭,২৫,৩০৭/- (দুই কোটি সতের লক্ষ পঁচিশ হাজার তিনশত সাত) টাকার চূড়ান্ত প্রাক্কলন জেলা প্রশাসক, মাদারীপুর কর্তৃক গত ১০/১২/২০২৩ খ্রি: তারিখে সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে।

(জ) বর্তমান ৩৮ আনসার ব্যাটালিয়ন, লংগদু, রাঙ্গামাটি এর ৩নং লংগদু মৌজায় ব্যাক্তিমালিকানাধীন ০.২৪ একর জমি অধিগ্রহণের জন্য ১,০১,৯৫,৮০৩/৭২ (এক কোটি এক লক্ষ পঁচানব্বই হাজার আটশত তিন) টাকার চূড়ান্ত প্রাক্কলন গত ১২/০৫/২০২৪ খ্রি: তারিখে, সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে।

(ঝ) কক্সবাজার জেলায় ব্যাটালিয়ন সদর দপ্তর (বর্তমান ৩৯ আনসার ব্যাটালিয়ন) স্থাপনের জন্য ৮.০০০০ একর জমি অধিগ্রহণের জন্য গত ৩০/০৯/২০২০ খ্রি: তারিখ প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়। বতর্মানে জেলা প্রশাসক, কক্সবাজার এল এ শাখায় মূল্য নির্ধারণ কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

(ঞ) চট্টগ্রাম জেলাধীন আনোয়ারা উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় স্থাপনের জন ০.২০০০ একর জমি অধিগ্রহণের জন্য গত ৪/১০/২০২১ খ্রি: তারিখ প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়। বর্তমানে জেলা প্রশাসক, চট্টগ্রাম এল এ শাখায় জমির মূল্য নির্ধারণের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

(ট) ১৫ আনসার ব্যাটালিয়ন, পটিয়া, চট্টগ্রাম এর সদর দপ্তর স্থাপনের নিমিত্ত ১০.০০০ একর জমি অধিগ্রহণের জন্য জেলা প্রশাসক, চট্টগ্রাম হতে উক্ত প্রস্তাবের উপর ইতিবাচক মতামত প্রদান করে গত ১০/১০/২০২৩খ্রি: তারিখ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। বতর্মানে উক্ত প্রস্তাবের কার্যক্রম স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আনসার শাখা-২ এ প্রশাসনিক অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে।

(ঠ) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সিলেট রেঞ্জে ০১টি মডেল আনসার ব্যাটালিয়ন সদর দপ্তর স্থাপনের নিমিত্ত ১০.০০ একর জমি অধিগ্রহণের জন্য জেলা প্রশাসক, সিলেট হতে উক্ত প্রস্তাবের উপর ইতিবাচক মতামত প্রদান করে গত ১৬/১১/২০২৩খ্রি: তারিখ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। বতর্মানে উক্ত প্রস্তাবের কার্যক্রম স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আনসার শাখা-২ এ প্রশাসনিক অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে।

(ড) সিলেট রেঞ্জের অধীন বাংলাদেশ আনসার ও ভিডিপি বিভাগীয় আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র এবং কারিগরী /ভোকেশনাল প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের নিমিত্ত ১০.০০০ একর জমি অধিগ্রহণের জন্য জেলা প্রশাসক, সিলেট হতে উক্ত প্রস্তাবের উপর ইতিবাচক মতামত প্রদান করে গত ১৬/১১/২০২৩খ্রি: তারিখ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। বতর্মানে উক্ত প্রস্তাবের কার্যক্রম স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আনসার শাখা-২ এ প্রশাসনিক অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে।

(ঢ) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর বিশেষায়িত ইউনিট হিসেবে গঠিত “আনসার গার্ড ব্যাটালিয়ন” এর সদর দপ্তর স্থাপনের নিমিত্ত ১০.০০ একর জমি অধিগ্রহণের জন্য জেলা প্রশাসক, ঢাকা হতে উক্ত প্রস্তাবের উপর ইতিবাচক মতামত প্রদান করে গত ১৯/১২/২০২৩ খ্রি: তারিখ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। বতর্মানে উক্ত প্রস্তাবের কার্যক্রম স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আনসার শাখা-২ এ প্রশাসনিক অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে।

(ণ) পিরোজপুর জেলাধীন ব্যাটালিয়ন আনসার সদর দপ্তর স্থাপনের জন্য ১০.০০০ একর জমি অধিগ্রহণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে গত ২২/০৫/২০২৩ খ্রিঃ তারিখ মতামত প্রদানের জন্য জেলা প্রশাসক, পিরোজপুর বরাবর প্রেরণ করা হয়েছে। বর্তমানে জেলা প্রশাসক কার্যালয়, পিরোজপুরে প্রক্রিয়াধীন রয়েছে।

(ত) বরিশাল জেলায় আনসার ও ভিডিপি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের নিমিত্ত ৩.০০০০ একর জমি অধিগ্রহণের জন্য জেলা প্রশাসক, বরিশাল হতে উক্ত প্রস্তাবের উপর ইতিবাচক মতামত প্রদান করে গত ১৯/১২/২০২৩ খ্রি: তারিখ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। বতর্মানে উক্ত প্রস্তাবের কার্যক্রম স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আনসার শাখা-২ এ প্রশাসনিক অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে।

(থ) লালমনিরহাট আনসার ব্যাটালিয়ন সদর দপ্তর স্থাপনের নিমিত্ত ১০.০০০০ একর ব্যক্তিমালিকানাধীন জমি অধিগ্রহণের জন্য গত ০৬/০৬/২০২৩ খ্রিঃ তারিখ প্রশাসনিক অনুমোদনের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। বর্তমানে স্বরাষ্ট্র মন্ত্রণালয় আনসার শাখা-২ এ কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

(দ) বরিশাল জেলাধীন ব্যাটালিয়ন আনসার সদর দপ্তর স্থাপনের নিমিত্ত ১০.০০০০ একর ব্যক্তিমালিকানাধীন জমি অধিগ্রহণের জন্য গত ১৯/০৬/২০২৩ খ্রিঃ তারিখ প্রশাসনিক অনুমোদনের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। বর্তমানে স্বরাষ্ট্র মন্ত্রণালয় আনসার শাখা-২ এ কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

(ধ) পটুয়াখালী পুরাতন জেলখানার জমি ও দালানকোঠা সমূহ আনসার ব্যাটালিয়ন (কোম্পানী) সদর দপ্তর এবং ভোকেশনাল প্রশিক্ষণ কেন্দ্র বাংলাদেশ আনসার ও ভিডিপির নামে হস্তান্তরের জন্য কারা অধিদপ্তর, ৩০/৩ উমেশ দত্ত রোড বকশীবাজার, ঢাকা হতে ৫.০০ একর জমি আনসার ও ভিডিপি কর্তৃক ব্যবহৃত হচ্ছে এবং কারা অধিদপ্তরের নিয়ন্ত্রণে বা দখলে নেই মর্মে সচিব সুরক্ষা সেবা বিভাগ বরাবরে মতামত প্রদান করেন। বিষয়টি সুরক্ষা সেবা বিভাগে প্রক্রিয়াধীন রয়েছে।

(ন) ১৮ আনসার ব্যাটালিয়ন, রামগঞ্জ, লক্ষীপুর জেলার আওতাধীন রামগঞ্জ থানার আঙ্গার পাড়া মৌজায় ০.৩৫০০ একর জমি অধিগ্রহণের নিমিত্ত গত ১২/০৬/২০২৪খ্রি: তারিখ প্রশাসনিক অনুমোদনের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। বর্তমানে স্বরাষ্ট্র মন্ত্রণালয় আনসার শাখা-২ এ কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

**খ.৫। <u>পূর্ত, নির্মাণ ও উন্নয়নমূলক স্থাপত্য কার্যক্রমে উল্লেখযোগ্য অর্জন।</u>** ২০২৩-২০২৪ অর্থবছরে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর বিভিন্ন ইউনিটে পূর্ত, নির্মাণ ও উন্নয়নমূলক স্থাপত্য কার্যক্রমে উল্লেখযোগ্য অর্জনসমূহ নিম্নরূপ:

**(ক) <u>মডেল উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় নির্মাণ।</u>** (১) মিরসরাই, চট্টগ্রাম, (২) দোহার, ঢাকা, (৩) কালিগঞ্জ, সাতক্ষীরা, (৪) আশাশুনি, সাতক্ষীরা, (৫) কোটালীপাড়া, গোপালগঞ্জ, (৬) ইসলামপুর, জামালপুর, (৭) উজিরপুর, বরিশাল, (৮) মুরাদনগর, কুমিল্লা, (৯) মতলব দক্ষিণ, চাঁদপুর এ ইতোমধ্যে ০৯টি মডেল উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় নির্মাণ করা হয়েছে। এছাড়াও (১) বামনা, বরগুনা, (২) বাবুগঞ্জ, বরিশাল, (৩) গোপালগঞ্জ সদর, (৪) নিকলি, কিশোরগঞ্জ, (৫) কাউখালী, পিরোজপুর এ আরোও ০৫টি উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়ের নির্মাণ কাজ চলমান রয়েছে।



**<u>অফিসার্স মেস, রাজশাহী</u>**

**(খ) <u>সেমিপাকা ব্যারাক নির্মাণ।</u>** প্রশিক্ষণার্থীদের আবাসন সুবিধা বৃদ্ধি করার লক্ষ্যে ০৬টি সেমিপাকা ব্যারাক নির্মাণ করা হয়েছে: (১) মৌলভীবাজার জেলা (২) মুন্সিগঞ্জ জেলা (৩) চেঙ্গী প্রশিক্ষণ কেন্দ্র, খাগড়াছড়ি (৪) লামা ব্যাটালিয়ন (৫) গুইমারা ব্যাটালিয়ন (৬) আনসার গার্ড ব্যাটালিয়ন (এজিবি)।



**জগন্নাথপুর মৌলভীবাজার প্রশিক্ষণার্থীদের ব্যারাক**

**(গ)** **প্রোটো-টাইপ লো-কস্ট হাউজ নির্মাণ।** ব্যাটালিয়ন আনসার সদস্য-সদস্যাদের জন্য প্রতিটি ব্যাটালিয়ন সদর দপ্তরে প্রোটো-টাইপ লো-কষ্ট হাউজ নির্মাণ কাজ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে; ইতোমধ্যে ০৩টি লোকস্ট হাউজ নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে: (১) লামা ব্যাটালিয়ন, (২) ১ মহিলা আনসার ব্যাটালিয়ন, (৩) ২ মহিলা আনসার ব্যাটালিয়ন।



**প্রোটো-টাইপ লো-কস্ট হাউজ**

**(ঘ)** **প্রশিক্ষণ সেড নির্মাণ।** প্রশিক্ষণার্থীদের জন্য ০৫টি প্রশিক্ষণ সেড নির্মাণ করা হয়েছে। (১) মুন্সীগঞ্জ জেলা, (২) ময়মনসিংহ জেলা, (৩) গুইমারা ব্যাটালিয়ন, (৪) গচ্ছাবিল ব্যাটালিয়ন, (৫) লামা ব্যাটালিয়ন, (৬) জগন্নাথপুর মৌলভীবাজার।



**<u>জগন্নাথপুর মৌলভীবাজার প্রশিক্ষণ সেড</u>**

**খ.৬। <u>মামলা নিষ্পত্তির বিষয়ে উল্লেখযোগ্য অর্জন।</u>** জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর সচিব মহোদয়কে রেসপন্ডেন্ট করে দায়েরকৃত রিট পিটিশনসমূহ এবং উদ্ভুত আপিল মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। পাশাপাশি প্রশাসনিক ট্রাইব্যুনাল ও প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর স্বার্থসংশ্লিষ্ট মামলাসমূহ সফলতার সাথে দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**খ.৭। <u>ফ্রি মেডিকেল ক্যাম্প।</u>** ২০২৩-২০২৪ অর্থবছরে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ০৯ (নয়) টি রেঞ্জে বিনামূল্যে ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। উক্ত মেডিকেল ক্যাম্পসমূহের মাধ্যমে মোট ৫১৩০ জনকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে।



**<u>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ০৯ (নয়) টি রেঞ্জে ফ্রি মেডিকেল ক্যাম্প আয়োজন করা হয়</u>**

**খ.৮। <u>বৃক্ষ রোপন।</u>** ২০২৩-২০২৪ অর্থ বছরে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সকল জেলা, ব্যাটালিয়ন ও বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিতে মোট ৪০,০০০ ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষ রোপন করা হয়েছে।

**খ.৯। <u>বিভিন্ন নির্বাচনে মোতায়েন।</u>**

ক) ২০২৩-২৪ অর্থ বছরে অনুষ্ঠিত বিভিন্ন নির্বাচনে (ইউনিয়ন পরিষদ/উপজেলা পরিষদ/জেলা পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন/জাতীয় সংসদের শূন্য আসনের উপনির্বাচন) উপলক্ষে ভোটকেন্দ্রের নিরাপত্তা ও আইনশৃংখলা রক্ষায় সর্বমোট **৫,৪৮,১১৬** জন আনসার ও ভিডিপি সদস্য-সদস্যা এবং ১০০৭২ জন আনসার ব্যাটালিয়ন সদস্য মোবাইল/স্ট্রাইকিং ফোর্স হিসেবে দায়িত্ব পালন করেছেন।

খ) গত ০৭ জানুয়ারি ২০২৪ খ্রি. তারিখে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ৪২,১৪৯টি ভোটকেন্দ্রে ৫,০৫,৭৮৮ জন আনসার ও ভিডিপি সদস্য এবং ৮,৫০০ জন ব্যাটালিয়ন আনসার সদস্য দায়িত্ব পালন করেছে।

গ) উপজেলা পরিষদ নির্বাচন-২৪ এ ৪টি ধাপে ৫,৫১,৪৭২ জন অঙ্গীভূত আনসার ও ৭,৩৪৮ জন আনসার ব্যাটালিয়ন সদস্য দায়িত্ব পালন করেছে।

(ঘ) ঢাকা মহানগরীতে আইন-শৃঙ্খলা রক্ষার্থে ২৮ অক্টোবর ২০২৩ খ্রি. তারিখ হতে ০৭ ডিসেম্বর ২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত মোট ১৮ দিন ০৯ (নয়)-টি ধাপের ১ম ধাপে ৪০০ জন এবং পরবর্তী সকল ধাপে ১৬০ (একশত ষাট) জন করে আনসার ব্যাটালিয়ন সদস্য মোতায়েন করা হয়েছে।

(ঙ) গাজীপুর জেলায় আইন-শৃঙ্খলা রক্ষার্থে বিজ্ঞ এক্সিকিউটি ম্যাজিস্ট্রেটগণের সাথে দায়িত্ব পালনের নিমিত্তে ৩১ অক্টোবর ২০২৩ খ্রি. তারিখ হতে ১৩ ডিসেম্বর ২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত মোট ২৭ দিন ১২ টি ধাপের ১ম ৩টি ধাপে ৩৫ জন এবং পরবর্তী সকল ধাপে ৩০ জন করে আনসার ব্যাটালিয়ন সদস্য দায়িত্ব পালন করছে। এছাড়াও গাজীপুর মহানগরীতে আইনশৃঙ্খলা রক্ষার্থে ৩১ অক্টোবর ২০২৩ খ্রি. তারিখ হতে ১৩ নভেম্বর ২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত মোট ১৪ দিন ০২ টি ধাপের ৫০ জন করে আনসার ব্যাটালিয়ন সদস্য মোতায়েন করা হয়েছে।

**খ.১০।** **<u>বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট-এর নির্বাহী ম্যাজিস্ট্রেসী কার্যক্রমে মোবাইল কোর্ট ও ভেজাল বিরোধী অভিযানে অংশগ্রহণ।</u>** বিভিন্ন জেলায় বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট-এর নির্বাহী ম্যাজিস্ট্রেসী কার্যক্রমে মোবাইল কোর্ট ও ভেজাল বিরোধী **১৮০৩** টি অভিযান চালিয়ে বিজ্ঞ ম্যাজিস্ট্রেটের রায় অনুযায়ী **৩,৬৬,৩৭,৫৫১/-(তিন কোটি ছেষট্টি লক্ষ সাইত্রিশ হাজার পাঁচশত একান্ন)** টাকা জরিমানা আদায় এবং সাময়িক সাজা বাস্তবায়নে 'এনফোর্সমেন্ট' দায়িত্ব পালন করা হয়েছে। এ কাজে ব্যাটালিয়ন আনসার সদস্যগণ কর্মকর্তাসহ আইন প্রয়োগকারী সংস্থার সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছে।

**খ.১১।** **<u>গুরুত্বপূর্ণ স্থাপনায় মোতায়েন।</u>**

ক) রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মা ও মেঘনার নিরাপত্তা জোরদারের লক্ষ্যে ১৮ (আঠার) জন সশস্ত্র আনসার ব্যাটালিয়ন সদস্য মোতায়েন করা হয়েছে।

খ) পর্বত্য অঞ্চলের ২৬টি উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী কর্মকর্তাগণের বাস ভবনের নিরাপত্তা জোরদারকরণের লক্ষ্যে ০৬ (ছয়) জন করে মোট ১৫৬ জন আনসার ব্যাটালিয়ন সদস্য মোতায়েনের নির্দেশনা প্রদান করা হয়েছে।

গ) আইসিডিডিআরবি, মহাখালী, ঢাকা-এর নিরাপত্তায় নিয়োজিত ১২ জন আনসার গার্ড ব্যাটালিয়নের সদস্য মোতায়েন রয়েছে।

ঘ) ফিলিস্তিন দূতাবাসে ৫ জন আনসার গার্ড ব্যাটালিয়নের সদস্য মোতায়েন রয়েছে।

ঙ) আমেরিকান দূতাবাসে ৮ জন আনসার গার্ড ব্যাটালিয়নের সদস্য মোতায়েন রয়েছে।

চ) সিলেট সিটি কর্পোরেশনের নিরাপত্তার জন্য নগর ভবনে আগত দেশী বিদেশী উচ্চ পদস্থ কর্মকর্তা, জনপ্রতিনিধি ও গন্যমান্য ব্যক্তিবর্গের নিরাপত্তার লক্ষ্যে ১০ (দশ) জন সশস্ত্র আনসার ব্যাটালিয়ন সদস্য মোতায়েন করা হয়েছে।

**খ.১২। <u>দুর্গাপূজায় মোতায়েন।</u>** শারদীয় দুর্গাপূজা-২০২৩ উপলক্ষে ৩২,৮৪৫টি পূজামন্ডপে ২,১২,৬৬২ জন আনসার ও ভিডিপি সদস্য অত্যন্ত সুনাম ও দক্ষতার সাথে দায়িত্ব পালন করেছে।



**<u>শারদীয় দুর্গাপূজায় দায়িত্ব পালনরত আনসার ব্যাটালিয়নের সদস্যবৃন্দ</u>**

**খ.১৩। <u>'মহাঅষ্টমী স্নান' উদ্‌যাপনে মোতায়েন।</u>** নারায়ণগঞ্জ জেলার বন্দর উপজেলাধীন লাঙ্গলবন্দে হিন্দু সম্প্রদায়ের 'মহাঅষ্টমী স্নান' ২০২৪ উদযাপন উপলক্ষ্যে আইনশৃঙ্খলা রক্ষার্থে গত ১৪/০৪/২০২৪ খ্রি. হতে ১৬/০৪/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত ০৩ দিনের জন্য ১৩৮ জন আনসার ও ভিডিপি সদস্য/সদস্যা দায়িত্ব পালন করেছে।

**খ.১৪। <u>রেলস্টেশন, বাসস্ট্যান্ড, লঞ্চঘাট, সরকারী-বেসরকারী গুরুত্বপূর্ণ স্থাপনায় মোতায়েন।</u>**

(ক) অপারেশন সুরক্ষিত যাতায়াত এর আওতায় গত ৩১ অক্টোবর হতে ১৩ ডিসেম্বর/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত ১২টি ধাপে রেলস্টেশন, বাসস্ট্যান্ড, লঞ্চঘাট, সরকারী-বেসরকারী গুরুত্বপূর্ণ স্থাপনা এবং জন গুরুত্বপূর্ণ স্থানে স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষার্থে প্রতিধাপে ১০,০০০ জন করে সাধারণ আনসার/ভিডিপি সদস্য দায়িত্ব পালন করেছে।

(খ) ১৮ ডিসেম্বর ২০২৩ খ্রি. তারিখ হতে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত ১৩০০০ জন আনসার ও ভিডিপি সদস্য দায়িত্ব পালন করেছে। তন্মোধ্যে ১৫/১২/২০২৩ খ্রি. তারিখে ১,৫৯৮ জন আনসার ও ভিডিপি সদস্য প্রত্যাহার করা হয়েছে। পরবর্তীতে ১১,৪০২ জন আনসার ও ভিডিপি সদস্য রেললাইন ও রেলস্টেশনে মোতায়েন থাকে এবং ৩১ জানুয়ারি ২০২৪ খ্রি. তারিখে আরও ৫০০০ (পাঁচ হাজার) আনসার ও ভিডিপি সদস্য প্রত্যাহার করা হয়েছে। অবশিষ্ট ৬,৪০২ জন আনসার ও ভিডিপি সদস্য মোতায়েন থাকে এবং ১৪ ফ্রেবুয়ারি ২০২৪ খ্রি. তারিখে অবশিষ্ট ৬,৪০২ জন আনসার ও ভিডিপি সদস্যকে প্রত্যাহার করা হয়েছে।

(গ) ডিসেম্বর ২০২৩ হতে জানুয়ারি ২০২৪ পর্যন্ত দুই মাসের জন্য বাংলাদেশ রেলওয়ের পূর্বাঞ্চলে ১৪০০ জন এবং পশ্চিমাঞ্চলে ১৩০০ জন মোট ২৭০০ জন অঙ্গীভূত আনসার সদস্য দায়িত্ব পালন করেছে।

**খ.১৫। ব্যাটালিয়ন গমনাগমন/আবর্তন।** ২০২৩-২৪ অর্থ বছরে পার্বত্য এলাকা হতে ৫টি আনসার ব্যাটালিয়ন এবং সমতল এলাকা হতে ৫টিসহ মোট ১০ (দশ)টি আনসার ব্যাটালিয়নের মধ্যে পারস্পারিক গমনাগমন/আবর্তন সম্পন্ন হয়েছে।

**খ.১৬। অগ্নিকান্ডের আইন-শৃঙ্খলা রক্ষায় মোতায়েন।**

(ক) গত ১৪ সেপ্টেম্বর ২০২৩ ঢাকা মহানগর উত্তর সিটি করপোরেশনের মোহাম্মদপুর থানাধীন মোহাম্মদপুর কৃষি মার্কেটে অগ্নিকান্ডের ঘটনা ঘটে। উক্ত অগ্নিকান্ডের ঘটনায় বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ৫ (পাঁচ) প্লাটুন অঙ্গীভূত আনসার এবং ২ (দুই) প্লাটুন আনসার গার্ড ব্যাটালিয়ন (এজিবি) সদস্য দক্ষতার সাথে দায়িত্ব পালন করেছেন।



**ঢাকার মোহাম্মদপুরে কৃষি মার্কেটে অগ্নিনির্বাপন কাজে নিয়েজিত আনসার গার্ড ব্যাটালিয়ন ও সাধারণ আনসার সদস্যরা।**



**ঢাকার মোহাম্মদপুরে কৃষি মার্কেটে ক্ষতিগ্রস্থ ব্যবসায়ী ও জনসাধারনের মাঝে খাবার বিতরণ করছে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী।**



**ঢাকার বেইলী রোডে অগ্নি নির্বাপণ কাজে নিয়েজিত আনসার গার্ড ব্যাটালিয়ন ও সাধারণ আনসার সদস্যরা।**

(খ) গত ০৯/১০/২০২৩ খ্রিঃ তারিখে রাজধানীর ঢাকার কাকরাইলে এসএ পরিবহনের গোডাউনে ৪ তলা ভবনে আগুন নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিসকে সহযোগিতা প্রদানসহ সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে আনসার ও ভিডিপির ৩২ জন সাধারণ আনসার সদস্য দক্ষতার সাথে দায়িত্ব পালন করেছে।

(গ) ২৬/১০/২০২৩ খ্রিঃ তারিখে রাজধানীর মহাখালীর আমতলীর ১৪ তলা ভবন খাজা টাওয়ারের ১৩ তলায় আগুন নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিস এর সঙ্গে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ২ প্লাটুন আনসার ব্যাটালিয়ন এবং ৫ প্লাটুন অঙ্গীভূত আনসার সদস্য দক্ষতার সাথে দায়িত্ব পালন করেছে।

(ঘ) ঢাকার বঙ্গাবাজার ও নিউ সুপার মার্কেট এ আগুন নিয়ন্ত্রণসহ সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে ১৯ জন কর্মকর্তা সহযোগে বিভিন্ন পদবীর ১৯৭ জন আনসার গার্ড ব্যাটালিয়নের সদস্য এবং ৩২২ জন অঙ্গীভূত আনসার সদস্য দক্ষতার সাথে দায়িত্বপালন করেছে। এছাড়াও গত ০৮ মার্চ ২০২৩ তারিখে ঢাকার সিদ্দিক বাজারের গুলিস্থানে সিলিন্ডার বিষ্ফোরণে অগ্নিকান্ডের ঘটনায় ৪ জন কর্মকর্তার সহযোগে বিভিন্ন পদবীর ৮৪ জন আনসার গার্ড ব্যাটালিয়ন (এজিবি)সদস্য দক্ষতার সাথে দায়িত্বপালন করেছে।

**খ.১৭। দুর্যোগ ব্যবস্থাপনা মোকাবেলায়।**

**(ক) ঘূর্ণিঝড় 'হামুন' মোকাবেলায় আনসার ও ভিডিপি অংশগ্রহণঃ** গত ২৫ অক্টোবর ২০২৩খ্রি. তারিখ ঘূর্ণিঝড় 'হামুন' মোকাবেলায় সাধারণ জনগণ, পোষা প্রাণী, ঘরবাড়ি, ফসল, মাছের ঘের, প্রাণী সম্পদ ও বেড়িবাঁধ রক্ষার্থে এবং তাদের পাশে দাঁড়ানোর নিমিত্তে জেলা কমান্ড্যান্ট ও ব্যাটালিয়ন অধিনায়কে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

**(খ) ঘূর্ণিঝড় 'মিধিলি' মোকাবেলায় আনসার ও ভিডিপি অংশগ্রহণঃ** গত ১৭ নভেম্বর ২০২৩খ্রি. তারিখ ঘূর্ণিঝড় 'মিধিলি' মোকাবেলায় সাধারণ জনগণ, পোষা প্রাণী, ঘরবাড়ি ফসল, মাছের ঘের, প্রাণী সম্পদ ও বেড়িবাঁধ রক্ষার্থে এবং তাদের পাশে দাঁড়ানোর নিমিত্তে সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্ট ও ব্যাটালিয়ন অধিনায়কদের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

(গ) **<u>ঘূর্ণিঝড় ‘রেমাল’ মোকাবেলায় আনসার ও ভিডিপি অংশগ্রহণঃ</u>** ২৬/২৭ মে ২০২৪খ্রি. তারিখ ঘূর্ণিঝড় ‘রেমাল’ মোকাবেলায় সাধারণ জনগণ, পোষা প্রাণী, ঘরবাড়ি, ফসল, মাছের ঘের, প্রাণী সম্পদ ও বেড়িবাঁধ রক্ষার্থে এবং তাদের পাশে দাঁড়ানোর নিমিত্তে জেলা কমান্ড্যান্ট ও ব্যাটালিয়ন অধিনায়কে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। ইউনিয়ন/ওয়ার্ড দলনেতা-দলনেত্রী ও আনসার কোম্পানী/প্লাটুন কমান্ডারসহ প্রায় ১০,০০০ (দশ হাজার) আনসার ও ভিডিপি সদস্য-সদস্যা ঘূর্ণীঝড়ের আগে জনসাধারণকে সতর্কীকরণ, আশ্রয়কেন্দ্রে প্রেরণ ও ঘূর্ণীঝড় পরবর্তী সময়ে উদ্ধার তৎপরতায় নানাবিধ সহযোগিতা করেছে।

**খ.১৮।** **<u>এসআরপি ও এলআরপি।</u>** পার্বত্য এলাকায় জনগণের নিরাপত্তা বিধানের জন্য ২০২৩-২০২৪ অর্থ বছরে মোট ৮৯১১ টি এসআরপি ও ২৪৪৮টি এলআরপি অনুষ্ঠিত হয়েছে।

**খ.১৯।** **<u>রাষ্ট্রীয়, সামজিক ও ধর্মীয় অনুষ্ঠানাদির নিরাপত্তা বিধান।</u>** রাষ্ট্রীয়, সামাজিক ও ধর্মীয় অনুষ্ঠানাদির নিরাপত্তা বিধানে ৬ লক্ষের অধিক আনসার ও ভিডিপি সদস্য-সদস্যা মোতায়েন করা হয়েছে।

**খ.২০।** **<u>বিভিন্ন কেপিআই এর নিরাপত্তা প্রদানে উল্লেখযোগ্য অর্জন।</u>** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য/সদস্যাগণ বিভিন্ন কেপিআই এর নিরাপত্তা প্রদানের জন্য নিরলস কাজ করে যাচ্ছে। ২০২৩-২০২৪ অর্থবছরে বিভিন্ন কেপিআই নিরাপত্তায় এই বাহিনীর উল্লেখযোগ্য অর্জনসমূহ নিম্নরূপ:

(ক) বিভিন্ন সংস্থায় নতুন করে ১৬৯টি গার্ড অনুমোদন করা হয়েছে। বর্তমানে ৫৭০১ টি গার্ডে মোট ৫৪,৬৫১ জন্য সদস্য/সদস্যা দায়িত্ব পালন করছে।

(খ) বিভিন্ন সংস্থায় নতুন করে ৩৯৬১ জন অঙ্গীভূত আনসার সদস্য মোতায়েনের অনুমোদন ও জনবল বৃদ্ধি করা হয়।

(গ) বিভিন্ন সময়ে স্বল্পকালীন আইন শৃঙ্খলা রক্ষায় ৬৫টি গার্ডে ১৬৭৮ জন আনসার/ভিডিপি সদস্য মোতায়েনের অনুমোদন প্রদান করা হয়।

(ঘ) দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে বিভিন্ন জেলায় বাংলাদেশ রেলওয়ের ট্রেন এবং স্থাপনাসমূহের সার্বিক নিরাপত্তায় ও আইন শৃঙ্খলা রক্ষায় স্বল্পকালীন ০২ (দুই) মাস সময়ের জন্য ২৭০০ জন সাধারণ আনসার সদস্য মোতায়েন করা হয়।

(ঙ) পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৪ উপলক্ষ্যে বিভিন্ন রেলওয়ে স্টেশনসহ অন্যান্য আইন শৃঙ্খলা রক্ষায় স্বল্পকালীন অস্থায়ীভিত্তিতে ৫০০ জন সাধারণ আনসার সদস্য মোতায়েন করা হয়।

(চ) পবিত্র ঈদ-উল-আযজা ২০২৪ উপলক্ষ্যে বিভিন্ন রেলওয়ে স্টেশনসহ অন্যান্য আইন শৃঙ্খলা রক্ষায় স্বল্পকালীন অস্থায়ীভিত্তিতে ৫০০ জন সাধারণ আনসার সদস্য মোতায়েন করা হয়।

(ছ) নিরাপত্তা ও আইন শৃঙ্খলা রক্ষায় সারাদেশে অঙ্গীভূত আনসার মোতায়েনের লক্ষ্যে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী এবং ব্রিটিশ আমেরিকান টোব্যাকো বাংলাদেশ লিমিটেড, জনতা ব্যাংক পিএলসি এর মধ্যে স্বাক্ষরিত ‘সমঝোতা স্মারক (MOU)’ নবায়ন করা হয়েছে এবং বাংলাদেশ কৃষি ব্যাংক এর সাথে নতুন ‘সমঝোতা স্মারক (MOU)’ স্বাক্ষর করা হয়েছে।

**খ.২১।** **<u>বিবিধ কার্যক্রমে উল্লেখযোগ্য অর্জন।</u>** ২০২৩-২০২৪ অর্থবছরে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর অন্যান্য ক্ষেত্রে উল্লেখযোগ্য অর্জনসমূহ নিম্নরূপ:

**ক।** **<u>আরপি গেইট ও সদর দপ্তর।</u>** ডিজিটাল পাঞ্চ মেশিন স্থাপন করতঃ কর্মকর্তা ও কর্মচারীদের যথাসময়ে অফিসে উপস্থিতি নিশ্চিত করার উদ্যোগ নেয়া হয়েছে। এছাড়া সদর দপ্তরের সার্বিক নিরাপত্তার মান উন্নয়ন এবং ভিতরে ও বাহিরের পরিষ্কার-পরিচ্ছন্নতা ও সৌন্দর্য্য বর্ধনের মান উন্নয়ন এবং পরিচ্ছন্নতাকর্মী দ্বারা সকল শাখার পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করা অব্যাহত রয়েছে।

**খ।** **<u>যানবাহন ব্যবহার।</u>** সরকারী যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। পদক্ষেপগুলো নিম্নরূপ:

(১) সরকারি নির্দেশনা অনুযায়ী জ্বালানী সাশ্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বিশেষ করে কেপিএল অনুযায়ী জ্বালানী সরবরাহ করা হয়, দ্বিতীয়ত, মিটার চেকিং করা হয়, লগ বহিতে যথাযথ ভাবে এন্ট্রি নিশ্চিত করা হচ্ছে।

(২) কোন গাড়ি নীতিমালার বহির্ভূতভাবে চালানো হয় না, নীতিমালা অনুযায়ী গাড়ি নির্দিষ্ট সময়ের মধ্যে ইউনিটে প্রবেশ করে।

(৩) কোন গাড়ি প্রাধিকার বহির্ভূত নির্দিষ্ট এলাকার বাহিরে নেওয়া হয় না।

(৪) গাড়িচালকগণকে ডিউটি কালীন সময়ে বাধ্যতামূলকভাবে স্ব স্ব ইউনিফরম পরিধান করতে হয়।

(৫) গাড়িচালনার পূর্বে চালককে ব্লু-বুক, ড্রাইভিং লাইসেন্স, ফিটনেস হালনাগাদ কিনা পরীক্ষাপূর্বক সংগে রাখা নিশ্চিত করা হয়।

(৬) গাড়ি মেরামত/সার্ভিসিং কালীন সময়ে গাড়িচালক সরেজমিনে উপস্থিত থেকে গাড়ি মেরামত করানো হয় এবং নিজ দায়িত্বে গাড়ি বুঝে নেওয়া হয়, পরবর্তীতে কোন যান্ত্রিক ত্রুটি পরিলক্ষিত হলে গাড়িচালকগণ জবাবদিহিতার জন্য বাধ্য থাকেন।

(৭) গাড়িচালনার ক্ষেত্রে কোন দুর্ঘটনা বা অনাকাঙ্ক্ষিত ঘটনা দেখা দিলে তাৎক্ষনিক এমটি হাবিলদার/যানবাহন কর্মকর্তা/উপপরিচালক (প্রশাসন-উইং) কে অবহিত করা হয় এবং জবানবন্দি নেওয়া হয়।

(৮) সদর দপ্তরস্থ এমটি পুলের সকল গাড়ির জ্বালানী সাশ্রয়, গাড়ির ব্যবহার সীমিতকরণ, স্ব স্ব ইউনিফরম পরিধান, গাড়ির ফিটনেস হালনাগাদ রাখা, স্ব-স্ব ড্রাইভিং লাইসেন্স সাথে রাখা, দুর্ঘটনা এড়িয়ে চলা ট্রাফিক আইন মেনে চলা ইত্যাদি বিষয়ে গাড়ি চালকগণকে সরেজমিনে উপস্থিত করে সর্তকতা প্রদান এবং অন্য নৈতিকতাপূর্ণ আচরনের বিষয়ে বিশেষ নির্দেশনা প্রদান করা হয়েছে।

(৯) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত সকল কর্মকর্তাগণ প্রাধিকার অনুযায়ী প্রাপ্ত গাড়ি যথাযথ ভাবে ব্যবহার করছেন। জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রাধিকারপ্রাপ্ত সরকারি কর্মকর্তাদের সুদমুক্ত ঋণ এবং গাড়ি সেবা নগাদায়ন নীতিমালা ২০২০ (সংশোধিত) অনুযায়ী গাড়ি যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করা হচ্ছে।

**খ.২২।** **<u>প্রশিক্ষণ কার্যক্রমে উল্লেখযোগ্য অর্জন।</u>** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর প্রশিক্ষণ কার্যক্রমে ২০২৩-২০২৪ অর্থবছরে উল্লেখযোগ্য অর্জনসমূহ নিম্নরূপ:

**(ক)** **<u>কর্মকর্তা প্রশিক্ষণ।</u>** প্রথম শ্রেণির কর্মকর্তাদের অভ্যন্তরীন প্রশিক্ষণে ৯৭ জন, বহিঃপ্রতিষ্ঠান (সামরিক) প্রশিক্ষণে ০৫ জন, বহিঃপ্রতিষ্ঠান (বেসামরিক) প্রশিক্ষণে ৫৭ জন, বৈদেশিক প্রশিক্ষণে ০২ জনকে প্রশিক্ষণ প্রদান

করা হয়েছে। এছাড়াও এপিএ'র বিভিন্ন সূচকে দক্ষতা বৃদ্ধির জন্য প্রথম ও দ্বিতীয় শ্রেণির কর্মকর্তাদের বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

**(খ)** **কর্মচারি প্রশিক্ষণ।** তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মচারিদের অভ্যন্তরীন প্রশিক্ষণে ৩২৬ জন, বহিঃপ্রতিষ্ঠান (সামরিক) প্রশিক্ষণে ১৬ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও এপিএ'র বিভিন্ন সূচকে দক্ষতা বৃদ্ধির জন্য তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মচারি ও আনসার ব্যাটালিয়ন সদস্য ৩৪৮০ জন কর্মচারিকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বর্ণিত অর্থবছরে মোট ৩৮২২ জন কর্মচারিকে বিভিন্ন প্রশিক্ষণে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

**(গ)** **আনসার ব্যাটালিয়ন প্রশিক্ষণ।** আনসার ব্যাটালিয়ন সদস্যদের অভ্যন্তরীন প্রশিক্ষণে ৫২৭৮ জন, বহিঃ প্রতিষ্ঠান (সামরিক) প্রশিক্ষণে ৪৫ জন, বহিঃ প্রতিষ্ঠান (বেসামরিক) প্রশিক্ষণে ২৯ জন, বহিঃ প্রতিষ্ঠান (বেসামরিক) প্রশিক্ষণে ০৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়। বর্ণিত অর্থবছরে মোট ৫৩৫৭ জন আনসার ব্যাটালিয়ন সদস্যকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।



**অস্ত্রচালনা প্রশিক্ষণরত আনসার ব্যাটালিয়ন সদস্যবৃন্দ।**



**অ্যাসল্ট প্রশিক্ষণরত আনসার ব্যাটালিয়ন সদস্যবৃন্দ।**

**(ঘ)** **<u>সাধারণ আনসার প্রশিক্ষণ।</u>** ২০২৩-২০২৪ অর্থ বছরে সাধারণ আনসার মৌলিক প্রশিক্ষণ (পুরুষ) প্রথম ধাপে ৭৯৩ জন এবং সাধারণ আনসার হতে এপিসি ও এপিসি হতে পিসি পদোন্নতি কোর্সে ৩১৬ জনসহ মোট ১১০৯ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।



**<u>বুথ্থান মার্শাল আর্ট প্রশিক্ষণরত সাধারন আনসার সদস্যবৃন্দ।</u>**



**<u>ফায়ারিং প্রশিক্ষণরত সাধারন আনসার সদস্যবৃন্দ।</u>**

**(ঙ)** **<u>ভিডিপি প্রশিক্ষণ।</u>** গ্রামভিত্তিক ভিডিপি মৌলিক প্রশিক্ষণে (পুরুষ ও মহিলা- সকল উপজেলার ১টি করে গ্রাম) ৩২৫৩৮ জন, টিডিপি নগর প্লাটুন (পুরুষ ও মহিলা) নগর প্লাটুন প্রশিক্ষণে (চট্টগ্রাম, খুলনা, বরিশাল ও নারায়ণগঞ্জ সিটি) ৯২০ জন, অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণে (পুরুষ- ৬৪টি জেলা সদর) ৫১৭৪২ জন, ইউনিয়ন ও ওয়ার্ড দলনেতা-দলনেত্রী মৌলিক প্রশিক্ষণে (০৯টি রেঞ্জে) ১০৭৭ জন ভিডিপি সদস্য/সদস্যাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বর্ণিত অর্থবছরে বিভিন্ন প্রশিক্ষণে মোট ৮৬,২৭৭ জন ভিডিপি সদস্য/সদস্যাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।



**অস্ত্রচালনা প্রশিক্ষণরত ভিডিপি মহিলা সদস্যাবৃন্দ।**

(চ) **বিভিন্ন ট্রেডভিত্তিক প্রশিক্ষণ।** দেশে দক্ষ জনশক্তি গড়ে তোলা ও সদস্য/সদস্যাদের স্বনির্ভর করার লক্ষ্যে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী প্রতি বছর বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণের আয়োজন করে থাকে। ২০২৩-২০২৪ অর্থবছরে বিভিন্ন ট্রেডে মোট ৯৯৮২ জন সদস্য/সদস্যাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। নিম্নে এ সংক্রান্ত বিস্তারিত সংখ্যাত্মক তথ্য উপস্থাপন করা হলো।

(১) বেসিক কম্পিউটার প্রশিক্ষণে (ভিডিপি-পুরষ ও মহিলা) ৩৮টি কেন্দ্রে মোট ২৩৪৭ জন সদস্য/সদস্যাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

(২) কারিগরি প্রশিক্ষণে (ব্যাটালিয়ন আনসার ও ভিডিপি-পুরুষ) ৮টি ট্রেডে (অটোমেকানিক্স, রেফ্রিজারেশন এ্যান্ড এয়ারকন্ডিশনিং, ইলেকট্রিক্যাল হাউজ ওয়্যারিং, ওয়েল্ডিং ৪জি, প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং, ম্যাশনারি এন্ড রড বাইন্ডিং, বিল্ডিং কনস্ট্রাকশন এন্ড পেইন্টিং, টাইলস্ এন্ড সেটিং) ০২টি কেন্দ্রে মোট ৪৮০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।



**কারিগরি প্রশিক্ষণে অংশগ্রহণকারী ভিডিপি সদস্যাবৃন্দ**

(৩) ইলেকট্রিশিয়ান প্রশিক্ষণে (ব্যাটালিয়ন আনসার ও ভিডিপি-পুরুষ) ০১টি কেন্দ্রে মোট ৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

(৪) ফ্রিজ ও এয়ারকন্ডিশনার মেরামত প্রশিক্ষণে (ব্যাটালিয়ন আনসার ও ভিডিপি-পুরুষ) ০১টি কেন্দ্রে মোট ৯৬ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

(৫) সেলাই ও ফ্যাশন ডিজাইন প্রশিক্ষণে (ভিডিপি-মহিলা) ০২টি কেন্দ্রে মোট ৩৮৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

(৬) সেলাই ও ফ্যাশন ডিজাইন (অতিরিক্ত নকশি কাঁথা তৈরী) প্রশিক্ষণে (ভিডিপি-মহিলা) ০৯টি কেন্দ্রে মোট ৫৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

(৭) সোয়েটার মেশিন অপারেটিং প্রশিক্ষণে (ভিডিপি-পুরুষ) ০১টি কেন্দ্রে মোট ২৩৪ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

(৮) ওভেন মেশিন অপারেটিং প্রশিক্ষণে (ভিডিপি-মহিলা) ০১টি কেন্দ্রে মোট ২৩৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

(৯) মোটর ড্রাইভিং ও মেকানিক্স প্রশিক্ষণে ১৯টি কেন্দ্রে মোট ৩৯৫৯ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

(১০) ইউটিলিটি প্রশিক্ষণে (ব্যাটালিয়ন আনসার পুরুষ ও মহিলা) ০১টি কেন্দ্রে মোট ৫০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

(১১) "ব্লু" ইকোনমি (সুনীল অর্থনীতি) প্রশিক্ষণে (ভিডিপি-পুরুষ) ০১টি কেন্দ্র মোট ১২০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

(১২) ক্যাটারিং সার্ভিস স্টাফ ও হসপিটালিটি ম্যানেজমেন্ট প্রশিক্ষণে (ব্যাটালিয়ন আনসার ও ভিডিপি-পুরুষ) ০১টি কেন্দ্রে মোট ৪৮ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

(১৩) আয়বর্ধক (গরু, ছাগল, ভেড়া, মহিষ পালন এবং গবাদি পশুর প্রাথমিক চিকিৎসা বিষয়ক) প্রশিক্ষণে (ভিডিপি-পুরুষ ও মহিলা) ১১ টি কেন্দ্রে মোট ৭০৪ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

## গ। **২০২৩-২০২৪ অর্থ বছরে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে কাজের স্বীকৃতি/পুরষ্কার/অর্জন।**

**গ.১।** জননিরাপত্তা বিভাগ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর সংস্থার মধ্যে ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী প্রথম স্থান অর্জন করেছে।

গ.২। ২০২৩-২০২৪ অর্থবছরে বাংলাদেশ আনসার ও ভিডিপি ক্রীড়া দল ৩৭টি প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ১৭০টি স্বর্ণ, ১২৪টি রৌপ্য ও ৯৮টি তাম্রপদক অর্জন করার মাধ্যমে ২৬টি প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন, ০৯টিতে রানার্স আপ ও ০২টি প্রতিযোগিতায় অন্যান্য স্থান অর্জন করে। এছাড়াও আন্তর্জাতিক পর্যায়ে ০৫টি প্রতিযোগিতায় এ বাহিনীর খেলোয়াড়গণ অংশগ্রহণ করে ১৪টি স্বর্ণ, ০৪টি রৌপ্য ও ০৬টি তাম্র পদক অর্জন করার মাধ্যমে বহিঃবিশ্বে লাল সবুজের পতাকাকে সমুন্নত করেছে।

## ঘ। **২০২৩-২০২৪ অর্থ বছরে প্রণীত উল্লেখযোগ্য নীতি, আইন ও পরিকল্পনা।**

১। ব্যাটালিয়ন আনসার আইন, ২০২৩।

২। 'মহাপরিচালক এর প্রশংসা ব্যাজ' নীতিমালা, ২০২৩।

৩। 'খন্ডকালীন চিকিৎসক নিয়োগ' নীতিমালা, ২০২৩।

৪। ভাষা শহিদ আব্দুল জব্বার, ঐতিহাসিক মুজিব নগরে গার্ড অব অনার প্রদানকারী আনসার বাহিনীর বীর মুক্তিযোদ্ধাগণ, খেতাবপ্রাপ্ত আনসার বীর মুক্তিযোদ্ধা এবং অন্যান্য আনসার বীর মুক্তিযোদ্ধা/তাঁদের পরিবারবর্গকে সম্মাননা প্রদান নীতিমালা-২০২৪।

৬। **২০২৩-২০২৪ অর্থ বছরে উল্লেখযোগ্য সংস্কার, পদক্ষেপ ও কর্মকান্ড।**

৬.১। **পদ সৃজনের ক্ষেত্রে উল্লেখযোগ্য পদক্ষেপ।** ২০২৩-২০২৪ অর্থ বছরে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীতে নতুন পদ সৃজনের ক্ষেত্রে উল্লেখযোগ্য পদক্ষেপসমূহ নিম্নরূপ:

(ক) আনসার ও ভিডিপি হাসপাতালে ১০ (দশ) শয্যা বিশিষ্ট আইসিইউ স্থাপন ও জনবল নিয়োগের প্রস্তাব স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

(খ) ১০০ শয্যা বিশিষ্ট আনসার ও ভিডিপি হাসপাতালকে ২৫০ শয্যায় উন্নীতকরণের প্রস্তাব স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

৬.২। **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ক্ষেত্রে উল্লেখযোগ্য পদক্ষেপ।** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী ১৯৪৮ সাল হতে এ দেশের তৃণমূল পর্যায় হতে জনসাধারণের জানমালের নিরাপত্তা, আইনশৃঙ্খলা রক্ষা, আর্থ-সামাজিক উন্নয়ন ও দুর্যোগ মোকাবেলায় প্রত্যক্ষভাবে দায়িত্ব পালন করে আসছে। বৃহত্তম এ বাহিনীতে এখন প্রায় ৬১ লক্ষ সদস্য-সদস্যা রয়েছে। যারা এ দেশের প্রত্যন্ত গ্রাম ও ওয়ার্ড পর্যায়ের জনগণ। কালের বিবর্তনে এ বাহিনীর সেবার ধরন ও মানোন্নয়ন পরিবর্তন করা হয়েছে। বাহিনীর সেবার মান আরও বৃদ্ধি ও গতিশীলতা আনয়নের লক্ষ্য নিয়ে ২০২৩-২০২৪ অর্থবছরে নিম্নবর্ণিত সম্পন্ন করা হয়েছে এবং কিছু কার্যক্রম চলমান আছে।

(ক) ২০২৩-২০২৪ অর্থবছরে **Welfare Management System (WMS)** এবং **APMIS Software** দুটি Database Server এবং Application Server এর জন্য তিনটি সেবা যথাক্রমে ০১টি 8CPU_16G RAM_50G Storage এবং ০২টি 4 CPU_8G RAM_ 50G Storage বিসিসি হতে গ্রহণ করে আসছে। যার অধিক সুরক্ষার জন্য বর্তমানে ১ম ব্যাকআপ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) তে সংরক্ষণ করা হয়েছে।

(খ) **Online Recruitment**: Autofill Application System প্রচলনের মাধ্যমে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর স্থায়ী ও অস্থায়ী নিয়োগ কার্যক্রম অনলাইন পদ্ধতিতে সম্পন্ন করা হয়ে থাকে। ২০২৩-২০২৪ অর্থ বছরে সাধারন আনসার হতে এপিসি এবং এপিসি হতে পিসি পদোন্নতি প্রশিক্ষণার্থী বাছাই এবং ২৫তম ব্যাচ ব্যাটালিয়ন আনসার বাছাই কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। যেখানে আবেদনের সময়ই প্রার্থীর জাতীয় পরিচয়পত্র স্বয়ংক্রিয়ভাবে যাচাই করা সম্ভব হয়।

(গ) **Ansar-VDP Personal Managment Information System (APMIS)** নামে একটি সফটওয়্যার ডেভেলপ করা হয়েছে। যার মাধ্যমে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী এবং ব্যাটালিয়ন আনসার সদস্যদের ব্যক্তিগত ও পেশাগত তথ্যাদি অনলাইন সিস্টেমের আওতায় আনা হয়েছে। সফটওয়্যারটি বর্তমানে পরক্ষীমূলকভাবে চালু আছে।

(ঘ) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ইউনিয়ন আনসার কমান্ডার এবং ভিডিপি দলনেতা ও দলনেত্রীদের তথ্যাদি সংরক্ষণ ও ডিজিটাল আইডি কার্ড প্রদানের জন্য HRM System এ **Operation Menu** সার্ভিস চালু করা হয়েছে যার মাধ্যমে ইউনিয়ন আনসার কমান্ডার এবং ভিডিপি দলনেতা ও দলনেত্রীদের তথ্যাদি সংরক্ষণ ও ডিজিটাল আইডি কার্ড প্রদান ও তথ্যাদি সংরক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।

(ঙ) **ডি-নথি।** ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সকল সরকারী দপ্তরে ডি-নথি কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসেবে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তরে ডি-নথি কার্যক্রম চালু করা হয়েছে। সদর

দপ্তরের প্রত্যেক শাখায় ডি-নথি ব্যবহার করা হচ্ছে। এছাড়াও বাহিনীর মাঠ পর্যায়ের প্রত্যেক ইউনিট ডি-নথি কার্যক্রমের আওতায় নিয়ে আসা হয়েছে।

(চ) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ভিডিপি সদস্য/সদস্যদের অনলাইন ডাটাবেজ প্রস্তুতকরণ, প্রশিক্ষণার্থীদের **Online Certificate Issue & Verification System (CIVS)** চালুকরণ এবং বাহিনীর কর্মরত সকলের জন্য **Ansar-VDP Management & Information System (AVMIS)** সফটওয়্যার তৈরির কাজ প্রাথমিক পর্যায়ে চলমান রয়েছে।

(ছ) **RMS Training**। আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর কর্মকর্তা ও কর্মচারীদের সর্বমোট ৬০ জন প্রশিক্ষণার্থীদের **Report Management System (RMS)** প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

চ। **গৃহীত উদ্যোগ ও কার্যক্রম বাস্তবায়নে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকা।**

**চ.১।** ২০২৩-২০২৪ অর্থ বছরে গৃহীত প্রশিক্ষণ পরিকল্পনা শতভাগ বাস্তবায়ন সম্ভব হয়েছে, ফলে ভিডিপি মৌলিক প্রশিক্ষণ গ্রহণকারী সদস্য-সদস্যরা নিজেদের আত্মকর্মস্থান সৃষ্টি, স্বনির্ভরতা বৃদ্ধি, সামাজিক সচেতনতা সৃষ্টি, আত্মরক্ষা, বাল্য বিবাহ প্রতিরোধ, আধুনিক প্রযুক্তির সঠিক ব্যবহার, প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলাসহ ধর্মীয় ও রাষ্ট্রীয় অনুষ্ঠানে নিরাপত্তার দায়িত্ব পালন করা এবং দেশের প্রত্যন্ত অঞ্চলে রেল ও নৌ-পথ নিরাপদ রাখায় অগ্রণী ভূমিকা পালন করে আসছে। তাছাড়া সরকারি-আধা সরকারি প্রতিষ্ঠানে ১০% কোটার ভিত্তিতে ভিডিপি সদস্যদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে। প্রশিক্ষণ প্রাপ্ত সদস্যরা সার্বিকভাবে নিজেরাই নিজেদের কর্মের সংস্থানের পাশাপাশি সামাজিক নানাবিধ উন্নয়ন ও নিরাপত্তায় বিশেষ ভূমিকা পালন করে আসছে, এতে দেশের বেকার সমস্যার সমাধান হচ্ছে এবং সামাজিক ও পারিবারিক ভাবে মর্যাদা বৃদ্ধিসহ জাতীয় অর্থনীতিতে ভূমিকা রাখছে। ফলশ্রুতিতে ভিডিপি সদস্যদের মৌলিক প্রশিক্ষণগুলো প্রত্যক্ষ ও পরোক্ষভাবে দেশের আর্থ সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখছে।

**চ.২।** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী প্রতি অর্থ বছরে কারিগরি ও পেশাভিত্তিক বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করে থাকে। যার মাধ্যমে ভিডিপি পুরুষ ও মহিলা আত্মকর্মসংস্থানে সক্ষমতা অর্জন করে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকা রাখতে সহায়তা করে থাকে। প্রতি অর্থ বছরের ন্যায় ২০২৩-২০২৪ অর্থ বছরে বিভিন্ন ট্রেডে মোট ৯৯৮২ জনকে কারিগরি ও পেশাভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

**মোঃ আশিকউজ্জামান**
বিএভি-১২০১৪৯
উপপরিচালক, ৩৬ আনসার ব্যাটালিয়ন, মানিকগঞ্জ
ও
গণসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা, তথ্য অধিকার (RTI)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
মোবা: ০১৭৩০০৩৮০৩০
ই-মেইল: mco@ansarvdp.gov.bd